

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

শিক্ষকগণের দেশে/বিদেশে রিসার্চ পেপার উপস্থাপনের জন্য আর্থিক অনুদান প্রদানের নীতিমালা

(২৬/৬/১৫ তারিখে অনুষ্ঠিত সিএএসআর এর ৩৭তম সভায় সুপারিশকৃত, ২৭/৬/১৫ তারিখে অনুষ্ঠিত সিজিওসিএসআর ৫০তম সভায় অনুমোদিত এবং ২১/১১/১৫ইং তারিখে ৫১তম সভায় নিশ্চিতকৃত। এই নীতিমালা ০১/৭/১৫ইং তারিখ থেকে কার্যকর।)

- ১। শুধুমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদেরকে এই আর্থিক অনুদান প্রদান করা হবে। উচ্চ শিক্ষা/ বিনা বেতনে ছুটিকালীন সময়ে কোন শিক্ষক এ অনুদানের জন্য বিবেচিত হবেন না।
- ২। আন্তর্জাতিক সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম এ কেবলমাত্র গবেষণা পেপার উপস্থাপনের (Oral/Poster) জন্য এই অনুদান প্রদান করা যেতে পারে।
- ৩। কেবলমাত্র এই বিশ্ববিদ্যালয়ে পরিচালিত গবেষণাপ্রসূত পেপারসমূহের জন্য অনুদান প্রদান করা হবে এবং এ সংক্রান্ত একটি প্রত্যয়নপত্র (যা ডিপার্টমেন্টাল মনিটরিং কমিটি এর মাধ্যমে বিভাগীয় প্রধান কর্তৃক প্রতীক্ষাক্রমিত হবে, তবে যে সমস্ত বিভাগের ডিপার্টমেন্টাল মনিটরিং কমিটি নেই, সে সমস্ত বিভাগে বিভাগীয় প্রধানসহ জ্যেষ্ঠ তিন জন শিক্ষকের মাধ্যমে বিভাগীয় প্রধান কর্তৃক প্রতীক্ষাক্রমিত হতে হবে।) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ৪। বিদেশে পেপার উপস্থাপনের জন্য আর্থিক অনুদান পেতে হলে এই বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২ (দুই) বছর সক্রিয় চাকুরীকাল (Active Service) থাকতে হবে। এ ছাড়া পরবর্তীতে ঐ একই বিষয়ে আর্থিক অনুদান পাওয়ার ক্ষেত্রে একবার অনুদান পাওয়ার পর পূরণায় ২ (দুই) বছর সক্রিয় চাকুরীকাল (Active Service) থাকতে হবে।
- ৫। কোন শিক্ষক বিশ্ববিদ্যালয় হতে আর্থিক অনুদান নিয়ে বিদেশে সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম-এ যোগদান করতে চাইলে উক্ত অনুষ্ঠানে যে গবেষণালব্ধ প্রবন্ধ উপস্থাপন করা হবে তার এক কপি, সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম আহবানকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত Acceptance letter /Invitation letter আবেদন পত্রের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।
- ৬। প্রতি অর্থ বছরের শুরু থেকে আগে আবেদন করলে আগে পাবেন (First come first serve) ভিত্তিতে অনুদান প্রদান করা হবে। তবে একই সাথে একাধিক আবেদনকারী থাকলে যিনি ইতোপূর্বে অনুদান পাননি তিনি অগ্রাধিকার পাবেন।
- ৭। সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম এর আয়োজক দেশ অথবা অন্য কোন সংস্থা যদি আংশগ্রহণকারী শিক্ষকের রেজিস্ট্রেশন ফি সহ যাতায়াত, থাকা-খাওয়া ইত্যাদির সম্পূর্ণ বা আংশিক ব্যবস্থা করে তবে উক্ত শিক্ষককে বিশ্ববিদ্যালয় হতে ঐ সব খাতে কোন প্রকার আর্থিক অনুদান প্রদান করা হবে না। তবে যে সব খাতে তিনি কোন প্রকার সহায়তা পাবেন না, সেই সব খাতের জন্য তাকে আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে।
- ৮। সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম-এ যোগদান শেষে প্রাপ্ত প্রসিডিংস এর একটি CD/কপি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে জমা দিতে হবে।
- ৯। এতদসংক্রান্ত আবেদনসমূহ বিবেচনার জন্য ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি স্ট্যান্ডিং কমিটি থাকবে যেখানে প্রতি অনুদান হতে কমপক্ষে একজন অধ্যাপক থাকবেন। উক্ত কমিটি প্রয়োজনবোধে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত যে কোন বিশেষজ্ঞ শিক্ষককে কমিটির কাজে সহযোগিতা করার জন্য আমন্ত্রণ জানাতে পারবেন। Standing Committee কর্তৃক সুপারিশকৃত গবেষণালব্ধ পেপার CASR এর অনুমোদন সাপেক্ষে আবেদনকারী শিক্ষক অনুদান পেতে পারেন।
- ১০। একটি পেপার উপস্থাপনের জন্য বিশ্ববিদ্যালয়ের অনুদান নিয়ে একজন Author সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়ামে যেতে পারবেন। উক্ত Author কে সংশ্লিষ্ট Paper এর 1st Author অথবা 2nd Author হতে হবে। তবে 3rd Author ও যেতে পারবেন যদি 1st ও 2nd Author তার Supervisor ও Co-supervisor হয় অথবা তাঁর অধীনে গবেষণারত ছাত্র হয়।
- ১১। দেশের ভিতর সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম এ যোগদানের জন্য রেজিস্ট্রেশন ফি, যাতায়াত ও থাকা-খাওয়া ইত্যাদি বাবদ বিভিন্ন অঞ্চলের জন্য নিম্নলিখিত হারে আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে।

ক) রেজিস্ট্রেশন ফি - সম্পূর্ণ অংশ।

খ) যাতায়াত ও থাকা-খাওয়া খরচ ইত্যাদি বাবদ বিভিন্ন অঞ্চলের জন্য নিম্নলিখিত হারে আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে।

i) খুলনা ও সম্মিলিত অঞ্চল	ঃ ১,০০০/-
ii) রাজশাহী, উত্তরবঙ্গ ও বরিশাল অঞ্চল	ঃ ৩,০০০/-
iii) ঢাকা অঞ্চল	ঃ ৭,০০০/-
iv) সিলেট ও চট্টগ্রাম অঞ্চল	ঃ ১০,০০০/-

গ) তবে একজন শিক্ষক এক অর্থ বৎসরে এই খাতে রেজিস্ট্রেশনসহ সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান হিসেবে পেতে পারেন। সাধারণভাবে একজন শিক্ষক দেশের ভিতরে এক অর্থ বৎসরে উপরে বর্ণিত সকল সুবিধাসহ একবার যেতে পারবেন তবে সর্বোচ্চ বরাদ্দের ভিত্তিতে একের অধিক কনফারেন্সেও যেতে পারবেন।

১২। বিদেশে অনুষ্ঠিত সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়ামে যোগদানের জন্য নিম্নলিখিত খাতে অনুদান প্রদান করা যেতে পারে।

ক) রেজিস্ট্রেশন ফি

খ) যাতায়াত খরচ

গ) থাকা-খাওয়া খরচ ইত্যাদি

বিভিন্ন দেশের জন্য উল্লিখিত খাতে প্রকৃত ব্যয় একত্রে সর্বমোট নিম্নোক্ত সর্বোচ্চ হারে প্রদান করা যেতে পারে।

ক) ভারতের পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা ও সম্মিলিত অঞ্চল	ঃ ২৫,০০০ টাকা
খ) ভারতের অন্যান্য রাজ্যসহ সার্কভুক্ত দেশসমূহ	ঃ ৪০,০০০ টাকা
গ) মধ্যপ্রাচ্য ও দক্ষিণ পূর্ব এশিয়ার দেশসমূহ	ঃ ৭৫০ মার্কিন ডলার*
ঘ) জাপান সহ পৃথিবীর অন্যান্য দেশসমূহ	ঃ ১,৩০০ মার্কিন ডলার*

(* অনুমোদনের দিনের হারে বাংলাদেশী টাকায় পরিশোধযোগ্য।)

M. M. P.